

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ,
ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | |
|------------|--|
| সভাপতি | মোঃ জাহাঙ্গীর আলম উপপরিচালক |
| সভার তারিখ | ২৭ ফেব্রুয়ারি ২০২৩খ্রি. |
| সভার সময় | ১২:৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ও অনলাইন প্ল্যাটফর্ম (জুম) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের (স্টেকহোল্ডারগণের) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের পরিকল্পনা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি দাপ্তরিক ও নাগরিক সেবা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত প্রতিটি দপ্তরের নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভাকে অবহিত করেন যে, মৎস্য অধিদপ্তরীয় সেবা প্রদানসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে স্বচ্ছতার সাথে সম্পাদন করার জন্য প্রতিটি দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে। সভায় উপপরিচালকের কার্যালয়ের পাশাপাশি জেলা ও উপজেলা কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিস্তারিত উপস্থাপিত হয় এবং কোন সেবা প্রাপ্তিতে কোন পর্যায়ে সেবাগ্রহীতার করণীয় কি সে বিষয়ে সবিস্তারে আলোচনা হয়। অংশগ্রহণকারীগণ সরকারের গৃহিত এ কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। এতে সরকারী কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতার ক্ষেত্র তৈরী হবে এবং সেবা গ্রহীতাগণ তাদের প্রত্যাশিত সেবা পাবেন বলে সভায় অভিমত পোষন করা হয়।

সিদ্ধান্ত

- সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ অবস্থায় দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শিত হবে।
- নির্দিষ্ট সেবার বিপরীতে নির্ধারিত কর্মদিবসের মধ্যেই সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৭-০৩-২০২৩

মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক

নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০২.২২.১১২

২২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: ০৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ:

- জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ।



যাহাজ লি

০৯-০৩-২০২৩
মুহাম্মদ সালাহ উদ্দীন কবির
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) অংশীজনের উপস্থিতির তালিকা সেবা প্রদান স্টেক হাজিরা